




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা


০৬/০২/২০১৮
মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সামাজিকসেবা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ক্রীড়াঙ্গণ, ঢাকা।

সমাজসেবা অধিদফতর

সমাজকল্যাণ মন্ত্রণালয়

২০১৩

সূচিপত্র

অনুচ্ছেদ নম্বর	বিষয়	পৃষ্ঠা নম্বর
১	পটভূমি	৩
২	সংজ্ঞা	৩-৪
৩	লক্ষ্য ও উদ্দেশ্য	৪
৪	কর্মসূচি বাস্তবায়ন কৌশল	৪
৫	কার্য এলাকা	৪
৬	বাস্তবায়ন কর্তৃপক্ষ	৪
৭	সমীক্ষা/তথ্য সংগ্রহ	৪
৮	আর্থিক সহায়তার পরিমাণ	৫
৯	কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়া	৫
	৯.১ প্রার্থী নির্বাচনের মানদণ্ড	৫
	৯.২ আর্থিক সহায়তা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী	৫
১০	প্রার্থী বাছাই পদ্ধতি	৬
	১০.১ বাছাই কমিটি	৬
	১০.২ আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহ্বান	৬
	১০.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া	৬
১১	যে সকল কারণে আর্থিক সহায়তা বাতিল করা যাবে	৭
১২	আর্থিক সহায়তা পরিশোধ পদ্ধতি	৭
১৩	পরিবীক্ষণ ও মূল্যায়ন	৭
১৪.	আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত বাস্তবায়ন কমিটিসমূহ	৮
	১৪.১ জেলা কমিটি	৮
	১৪.২ সমাজসেবা অধিদফতর পর্যায়ে গঠিত কমিটি	৯
	১৪.৩ জাতীয় স্টিয়ারিং কমিটি	১০
১৫	নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা	১০
১৬	কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত করণ/রেজিস্ট্রার এর বসুনা	১১-১৬

Adhman
২১/১১/১৬

Adhman
০২/০২/২০১৮

মোঃ মুখলেছুর রহমান বান
সহকারী সচিব
সমাজসেবা অধিদফতর
পলপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

Adhman

সেবা প্রকল্পের পরিচালক
সমাজসেবা অধিদফতর
পলপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি

১. পটভূমি:

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের মাধ্যমে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম দুঃস্থ অসহায় রোগীদের আর্থিক সহায়তা প্রদান করে থাকে। সমগ্র বাংলাদেশে ৮৪ টি হাসপাতাল বর্তমানে এ কর্মসূচি পরিচালিত হচ্ছে। কিন্তু ক্যান্সার, কিডনী এবং লিভার সিরোসিস রোগে আক্রান্ত গরীব রোগীদের সহায়তার জন্য কোন কার্যক্রম নেই। প্রতিবছর দেশে প্রায় ৩ লক্ষ লোক এ সমস্ত রোগে মৃত্যুবরণ করে এবং ৩ লক্ষাধিক লোক ক্যান্সার, কিডনী এবং লিভার সিরোসিস রোগে আক্রান্ত হচ্ছে। অর্থের অভাবে ক্যান্সার, কিডনী এবং লিভার সিরোসিস রোগে আক্রান্ত রোগীরা ধুঁকে ধুঁকে মারা যায়। তেমনি তার পরিবার ব্যয় বহন করে নিঃস্ব হয়ে পড়ে। সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে Support Services for Vulnerable Group (SSVG) শীর্ষক প্রকল্পের আওতায় ক্যান্সার, কিডনী এবং লিভার সিরোসিস রোগে আক্রান্ত গরীব রোগীদেরকে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়ে আসছে। গরীব রোগীদের কল্যাণে পরিচালিত এ কর্মসূচি সকল পর্যায়ে প্রসংশিত হয়েছে। উল্লেখিত প্রকল্পের সফলতা বিবেচনায় নিয়ে সরকার এ কার্যক্রমকে স্থায়ী কর্মসূচিতে রূপদান করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় কর্মসূচিটি বাস্তবায়নের জন্য একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করেছে।

২.০ সংজ্ঞা

২.১ ক্যান্সার

বিশ্বের সমস্ত প্রাণীর শরীর অসংখ্য ছোট ছোট কোষের মাধ্যমে তৈরি। এই কোষগুলো একটা নির্দিষ্ট সময় পরপর মারা যায়। এই পুরনো কোষগুলোর জায়গায় নতুন কোষ এসে জায়গা করে নেয়। সাধারণভাবে কোষগুলো নিয়ন্ত্রিতভাবে এবং নিয়মমতো বিভাজিত হয়ে নতুন কোষের জন্ম দেয়। সাধারণভাবে বলতে গেলে যখন এই কোষগুলো কোনো কারণে অনিয়ন্ত্রিতভাবে বাড়তে থাকে তখনই ত্বকের নিচে মাংসের দল অথবা চাকা দেখা যায়। একেই টিউমর বলে। এই টিউমর বেনাইন বা ম্যালিগন্যান্ট হতে পারে। ম্যালিগন্যান্ট টিউমরকেই ক্যান্সার বলে। সংক্ষেপে বলতে গেলে, অনিয়ন্ত্রিতভাবে বিভাজনক্ষম হয়ে বৃদ্ধি পাওয়া কলাকে নিয়োপ্লাসিয়া (টিউমর) বলে এবং এই নিয়োপ্লাসিয়ার ম্যালিগন্যান্ট রূপকে ক্যান্সার বলে।

২.২ সিরোসিস:

সিরোসিস লিভারের একটি ক্রনিক রোগ, যাতে লিভারের সাধারণ আর্কিটেকচার নষ্ট হয়ে লিভারের স্বাভাবিক কর্মক্ষমতা হারায়। অনেক ক্ষেত্রেই লিভার সিরোসিস থেকে লিভারে ক্যান্সারও দেখা দিতে পারে।

২.৩ কিডনী রোগ

কিডনী যখন তার কার্যক্ষমতা ক্রমাশয়ে হারাতে থাকে তখন শরীরে বিভিন্ন সমস্যা দেখা দেয়। যদি কিডনী রোগ বেশি বেড়ে যায় তখন রক্তে দূষিত পদার্থ বাড়তে থাকে এবং অসুস্থবোধ হতে থাকে। সেই সঙ্গে উচ্চ রক্তচাপ, অ্যানিমিয়া (লাল রক্ত কনিকার স্বল্পতা), হাড় দুর্বলতা, পুষ্টিহীনতা, স্নায়বিক ক্ষতিগ্রস্ততা দেখা দিতে পারে। ক্রনিক কিডনি ডিজিজ হৃদরোগ ও রক্তনালির রোগ বৃদ্ধি করতে পারে। এসব রোগ এবং রোগের বৃদ্ধি ঘটতে থাকে ধীরগতিতে এবং অনেক দিন ধরে। ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ এবং অন্যান্য মেটাবলিক

Carthman
২২/১১/১৬

Shah
০৫/০২/২০১৪
শেখ মুহাম্মদ হুসেইন খান
গভর্নর সচিব
সামাজিকসেবা মন্ত্রণালয়
শায়েখ সাঈদী বাংলাদেশ সরকার
স্বদেশ সচিবালয়, ঢাকা।

[Signature]

